

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো সকল কাজে ডান থেকে শুরু করা

ذكر ما للمرء أن يستعمل التيامن فِي أَسْبَابِهِ كُلِّهَا

## আরবী

1088 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدٍ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُحَمَّدُ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بَنُ سُلَيْمٍ قَالَ: سَمِعْتُ عَبْدِ الْأَعْلَى حَدَّثَنَا الْأَشْعَتُ بْنُ سُلَيْمٍ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُحِبُّ أَبِي يُحَدِّثُ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُحِبُّ التَّيَامُنَ مَا اسْتَطَاعَ: فِي طُهُورِهِ وتنعُّله وَتَرَجُّلِهِ قَالَ شُعْبَةُ: ثُمَّ سَمِعْتُ الْأَشْعَتُ بِوَاسِطَ يَقُولُ: يَقُولُ:

(يُحِبُّ التَّيَامُنَ \_ وَذَكَرَ شَأْنَهُ كُلَّهُ \_ ثُمَّ قَالَ: شَهِدْتُهُ بِالْكُوفَةِ يَقُولُ: يُحِبُّ التَّيَامُنَ مَا اسْتَطَاعَ.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1088 ا خلاصة حكم المحدث:. صحيح.

## বাংলা

১০৮৮. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাধ্যমত ওযূ করা, জুতা পরিধান করা, মাথা আচড়ানো- এসব কাজে ডান থেকে শুরু করতেন।" রাবী বলেন, "তারপর আমি ওয়াসেত নামক জায়গায় আশ'আসকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "তিনি ডান দিক থেকে শুরু করা পছন্দ করতেন, -রাবী এখানে সকল গুরুত্বপূর্ণ কাজের কথা বলেছেন- তারপর রাবী বলেন, "আমি তার সাথে কুফাতে সাক্ষাৎ করেছি। তিনি বলেছেন, "তিনি সাধ্যমত ডান দিক থেকে শুরু করা ভালবাসতেন।"[1]

## ফটনোট



[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৯; নাসাঈ: ১/৭৮; আত তায়ালিসী: ১/১২৭; সহীহ বুখারী: ১৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ২১৬; সহীহ মুসলিম: ২৬৮; আবূ দাউদ: ৪১৪০; সুনান বাইহাকী: ১/২১৬; মুসনাদ আহমাদ: ৬/২১০; তিরমিযী: ৬০৮; ইবনু মাজাহ: ৪০১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন